# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭০৮

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১. হজ্জে এর ফযীলত ও যাদের উপর হজ্জ ফরয তার বিবরণ - হজ্ব এবং উমরার ফযীলত

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «الْعُمْرَةُ إِلَى الْعُمْرَةِ كَفَّارَةٌ لِمَا بَيْنَهُمَا, وَالْحَجُّ الْمَبْرُورُ لَيْسَ لَهُ جَزَاءٌ إِلَّا الْجَنَّةَ». مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1773)، ومسلم (1349)، وأصح ما قيل في معنى «المبرور» هو: الذي لا يخالطه إثم. قلت: وفي الحديث دلالة على استحباب تكرار العمرة خلافا لمن قال بكراهية ذلك. والله أعلم

বাংলা

৭০৮. আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত যে, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক ’উমরাহ’র পর আর এক ’উমরাহ উভয়ের মধ্যবতী সময়ের (গুনাহের) জন্য কাফফারা। আর জান্নাতই হলো হাজে মাবরূরের প্রতিদান।[1]

## English

Abu Hurairah (RAA) narrated that the Messenger of Allah said, “The performance of 'Umrah is an expiation for all the sins committed (between this 'Umrah and the previous one), and the reward for Hajj Mabrur (the one accepted by Allah or the one which was performed without doing any wrong) is nothing save Paradise.” Agreed upon.

## ফুটনোট

[1] বুখারী ১৭৭৩, মুসলিম ১২৪৯, তিরমিযী ৯৩৩, নাসায়ী ২৬২২, ২৬২৩, ২৬২৯, ইবনু মাজাহ ২৮৮৭, ২৮৮৮, আহমাদ ৭২০৭, ৯৬২৫, ৯৬৩২, মুওয়াত্তা মালেক ৭৭৬, দারেমী ১৭৯৫

মাবরূর শব্দের সবচেয়ে গ্রহণযোগ্য ব্যাখ্যা হচ্ছে, যে হজ্জের মধ্যে কোন প্রকার গুনাহর সংমিশ্রণ ঘটেনি। উক্ত হাদীসে বারংবার উমরা করা মুস্তাহাব প্রমাণিত হচ্ছে, আর যারা এটাকে অপছন্দনীয় বলে মনে করেন তাদের বিরোধিতা করছে উক্ত হাদীস। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন